গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
(সাধারণ শাখা)
www.netrokona.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | ফেব্রুয়ারি/২০১৮ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ড. মোঃ মুশফিকুর রহমান, জেলা প্রশাসক, নেত্রকোণা। |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, নেত্রকোণা-এঁর সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি., সকাল ১০.০০ টা। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক', 'খ' ও 'গ' তে দেখানো হলঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২১ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকান্ডের উপর আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিভাগের নাম ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **জেলা পরিষদ :** সভায় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি সাধারণ খাতে বরাদ্দকৃত ৫৫০.০০ লক্ষ টাকায় ২৮০টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পসমূহ অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। বিগত ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপি সাধারণ খাতে বরাদ্দকৃত ৫৬৫.০০ লক্ষ টাকায় ২৫৩টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। বাস্তবায়ন অগ্রগতি-৮৫%। ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপি/আরএডিপি এবং এডিপি অপ্রত্যাশিত উপখাতের আওতায় (১৫০.০০+২০০.০০) = ৩৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থে (৯৩+৬৪)=১৫৭টি প্রকল্প সম্প্রতি অনুমোদন পাওয়া গিয়েছে। বাস্তবায়ন অগ্রগতি ৪৫%। | গৃহীত প্রকল্পের কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা |
| ২. | **পুলিশ বিভাগ :** পুলিশ বিভাগের কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি জানান, নেত্রকোণা জেলার বারহাট্টা সার্কেল অফিস-কাম-বাসভবন নির্মাণ কাজ, নেত্রকোণা পুলিশ লাইন্সের ০৬(ছয়) তলা ভিত বিশিষ্ট ০২ তলা মহিলা পুলিশ ব্যারাক নির্মাণ কাজ, নেত্রকোণা জেলার ১নং পুলিশ ফাঁড়িতে টাইপ-২ অনুযায়ী ৬তলা ভিত বিশিষ্ট ২ তলা ফাঁড়ি ভবন নির্মাণ, 'বাংলাদেশ পুলিশের ৫০টি সার্কেল এএসপি অফিস-কাম বাসভবন (১ম পর্যায়-২৫টি)' শীর্ষক প্রকল্পের আওতায় নেত্রকোণা জেলাধীন বারহাট্টা সার্কেল অফিস নির্মাণ এবং নেত্রকোণা জেলা সদরে ৬তলা ভিত বিশিষ্ট ৩তলা অফিসার্স মেস ভবন নির্মাণ (সিভিল, স্যানেটারী ও বৈদ্যুতিকসহ) কাজ চলমান রয়েছে। জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বাহিনীর প্রতিটি সদস্য নিরলস পরিশ্রম করছেন। নিখোঁজ ব্যক্তি সংক্রান্ত কোন তথ্য সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। তিনি জঙ্গীবাদ ও মাদক মোকাবেলায় সকলের সহযোগিতা কামনা করেন। | জঙ্গীবাদ ও মাদক মোকাবেলা এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশ বিভাগকে তথ্য দিয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে হবে। | পুলিশ সুপার, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল |
| ৩. | **স্বাস্থ্য বিভাগ :** সভায় স্বাস্থ্য বিভাগের কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সিভিল সার্জন নেত্রকোণা |
| ৪. | **কৃষি বিভাগ :** সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি জানান, চলতি রবি মৌসুমে ১৮১২৩৮ হেক্টর (হাইব্রীড ১০৩১৪ হেঃ + উফশী ১৭০৩৯০ হেঃ + স্থানীয় ৫৩৪ হেঃ) বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। উৎপাদনের লক্ষ্যমাত্রা ৭১৭৭৮৬ মেঃ টন চাল। বোরো বীজতলা আবাদের লক্ষ্যমাত্রা ১১৯৬৪ হেক্টর। বীজতলা চূড়ান্ত অর্জিত হয়েছে ১২১৬১ হেক্টর। জেলায় এ পর্যন্ত বোরো ধান আবাদ হয়েছে ১৭২১৫০ হেক্টর (৯৫%)। তার মধ্যে হাওড়ে বোরো ধান আবাদ হয়েছে ৪১০১০ হেক্টর (গত বছর অর্জিত হয়েছিল ৪০২৮৫ হেঃ)। আবাদ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ইতোমধ্যে শাকসবজি-৫৫৮০ হেক্টর, মাসকলাই-৬৪২ হেক্টর, গম-৮২০ হেক্টর, আলু-২১৬৫ হেক্টর, সরিষা-৪৮৮০ হেক্টর, মরিচ-১৪৬৫ হেক্টর জমি আবাদ হয়েছে। জেলায় সারের মজুদ ইউরিয়া-১১১১৬ মেঃ টন, টিএসপি-৪৩৪ মেঃ টন, এমওপি-৯৫৪ মেঃ টন, ডিএপি-১০১৮ মেঃ টন। মজুদ সন্তোষজনক। সভায় যথাসময়ে সার উত্তোলন এবং বিপণন মনিটরিং জোরদার করার অনুরোধ জানানো হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে সম্পাদন করতে হবে।<br>(২) যথাসময়ে সার উত্তোলন ও বিপণন মনিটরিং জোরদার করতে হবে। | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| ৫. | **গণপূর্ত বিভাগ :** সভায় গণপূর্ত বিভগের নির্বাহী প্রকৌশলী জানান, গণপূর্ত বিভাগের অধীন ১৯ টি প্রকল্পের মধ্যে ৬টি প্রকল্পের কাজের অগ্রগতি-১০০%, ১১টি প্রকল্পের কাজের অগ্রগতি-১%-৯৯%, ২টি প্রকল্পের জমি অধিগ্রহণের কাজ প্রক্রিয়াধীন এবং Upgradation & Renovation of Netrokona District Hospital from 100 to 250 Bed প্রকল্পের প্রশাসনিক অনুমোদন-৪৫০০.০০ লক্ষ টাকা। TEC প্রক্রিয়াধীন। সভায় নবনির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে লোকবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>(২) নবনির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে লোকবল নিয়োগের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ নেত্রকোণা। ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | **পানি উন্নয়ন বোর্ড :**<br>সভায় পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান, মোহনগঞ্জ উপজেলাধীন মোহনগঞ্জ পৌর এলাকায় শিয়ালজানি খাল পুনঃখনন ও আর্মাডকরণ কাজ, 'হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প' –এর প্রি-ওয়ার্ক সার্ভে কাজ ও গুনাই নদী পুনঃখনন কাজ এবং 'হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন শীর্ষক প্রকল্প' –এর কাজ চলমান রয়েছে। 'হাইজদা বাঁধ উপ-প্রকল্পের ঝুঁকিপূর্ণ অংশ শক্তকরণ' শীর্ষক প্রকল্পের দরপত্র আহ্বান করা হয়েছে। খাল এবং নদীর সার্ভে কাজ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। নেত্রকোণা জেলায় জনগুরুত্বপূর্ণ খাল ও নদী পুনঃখননের জন্য জরিপের কাজ চলমান রয়েছে মর্মে উল্লেখপূর্বক পুনঃ খননযোগ্য জনগুরুত্বপূর্ণ খাল ও নদীর নাম পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করার বিষয়ে অনুরোধ জানানো হয়। রাণীখং মিশন, কুল্লাগড়া ইউনিয়ন ভূমি অফিস, বারহাট্টা ফকিরের বাজার এবং দুর্গাপুর শহর রক্ষা বাঁধ নির্মাণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি গৃহীত প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | (১) মোহনগঞ্জের শিয়ালজানি খাল আর্মাডকরণ কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br>(২) খননযোগ্য জনগুরুত্বপূর্ণ খাল এবং নদীর নাম পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করতে হবে।<br>(৩) রাণীখং মিশন, কুল্লাগড়া ইউনিয়ন ভূমি অফিস, বারহাট্টা ফকিরের বাজার এবং দুর্গাপুর শহর রক্ষা বাঁধ নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(৪) গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী<br>পানি উন্নয়ন বোর্ড<br>নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ৭. | **সড়ক ও জনপথ বিভাগ :**<br>সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী জানান, শ্যামগঞ্জ-জারিয়া-বিরিশিরি-দুর্গাপুর জেলা মহাসড়কটিকে জাতীয় মহাসড়ক মানে উন্নীতকরণ প্রকল্পটি মোট ৫টি প্যাকেজে (ভূমি অধিগ্রহণ কাজসহ) ৩১৬.০২ কোটি টাকা প্রকল্প ব্যয়ে গত ০৪/১০/২০১৬ তারিখে ECNEC কর্তৃক অনুমোদিত হয়েছে। ঠিকাদার কর্তৃক বক্স কাটিংসহ Sub-base এর কাজ চলমান রয়েছে। সীমান্ত সড়ক নির্মাণ ময়মনসিংহ ও নেত্রকোণা জেলা অংশ (জেড-২৪৩৮) নেত্রকোণা জেলা অংশের প্রকল্প ব্যয় ২৮২৫২.৩৪ লক্ষ টাকা। ৯টি প্যাকেজের মধ্যে ৩টির কার্যাদেশ পাওয়া গেছে এবং ৬টি প্যাকেজের দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। মদন-খালিয়াজুরী সাব-মার্জিনাল সড়ক নির্মাণসহ নেত্রকোণা-মদন-খালিয়াজুরী সড়কের ৩৭তম কিঃমিঃ এ বালই নদীর উপর পিসি গার্ডার সেতু নির্মাণসহ প্রকল্পের কাজসমূহ চলমান রয়েছে। মোট প্রকল্প ব্যয়=১০৪০১.৪৬ লক্ষ টাকা। ময়মনসিংহ (ডিসি অফিস)-রঘুরামপুর-নেত্রকোণা-ঠাকুরাকোণা-মোহনগঞ্জ-জামালগঞ্জ-সুনামগঞ্জ-সিলেট (আর-৩৭০) সড়কের ৪০তম কিঃমিঃ এ নেত্রকোণা শহর অংশে মগড়া নদীর উপর ৭৫মিটার দীর্ঘ মগড়া সেতু নির্মাণ (দরপত্র চুক্তি মূল্য=৯৭৮.৩৯ লক্ষ টাকা) কাজ ৬০% সম্পন্ন হয়েছে। ঠাকুরোকোনা-কলমাকান্দা সড়ক প্রতিনিয়ত বিভাগীয়ভাবে মেরামত করে যান চলাচলের উপযোগী রাখা হচ্ছে। সভায় তেলিগাতী-আটপাড়া রাস্তা সংস্কার এবং শিবগঞ্জ-বিরিশিরি ব্রিজ নির্মাণের বিষয়ে আলোচনা হয়। তাছাড়া মদন-খালিয়াজুরী রাস্তার ওভারলে কাজ এবং আঞ্চলিক মহাসড়কের কাজ ধীরগতিতে চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। সভায় সড়ক ও জনপথ বিভাগের কাজের গুণগত মান বজায় রাখার অনুরোধ জানানো হয়। সভাপতি গৃহীত প্রকল্পের কাজ যথাসময়ে বাস্তবায়ন করার অনুরোধ জানান। | (১) শ্যামগঞ্জ-জারিয়া-বিরিশিরি-দুর্গাপুর সড়কের কাজ জরুরীভিত্তিতে সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) মোক্তারপাড়া ব্রিজের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(৩) তেলিগাতী-আটপাড়া রাস্তা সংস্কার এবং শিবগঞ্জ-বিরিশিরি ব্রিজ নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৪) মদন-খালিয়াজুরী রাস্তার ওভারলে কাজ এবং আঞ্চলিক মহাসড়কের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br>(৫) গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী<br>সড়ক ও জনপথ বিভাগ<br>নেত্রকোণা |
| ৮. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর :**<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জানান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন গৃহীত ২৪টি প্রকল্পের মাধ্যমে ৭০২টি স্কীম গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ২৭৬টি সমাপ্ত হয়েছে। ৪২৬টি স্কীমের কাজ চলমান রয়েছে। গড় অগ্রগতি ৬০.২০%। ৭০২টি স্কীমের মোট চুক্তিমূল্য ৬৮৮.০০ কোটি টাকা। তন্মধ্যে ৩৯৩.৪৭ কোটি টাকা বরাদ্দ পাওয়া যায় এবং ৩৭৮.৫৪ কোটি টাকা ইতোমধ্যে ব্যয় হয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরের পল্লী সড়ক মেরামত ও সংরক্ষণ কর্মসূচির আওতায় ৫৩টি স্কীমের কাজ দ্রুত গতিতে চলমান রয়েছে। এলজিইডি'র মাধ্যমে নেত্রকোণা ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ কাজ চলমান রয়েছে। IRIDP-2 প্রকল্পের আওতায় ১১৯টি স্কীমের কাজ দ্রুতগতিতে বাস্তবায়ন করা হচ্ছে। সভায় কলমাকান্দা-দুর্গাপুর রাস্তা, নাজিরপুর-সিধলী রাস্তা, নাজিরপুর-লেঙ্গুরা রাস্তা, ঝাঞ্জাইল-আব্বাসনগর রাস্তা, ঝাঞ্জাইল-বড়বাট্টা রাস্তা, বারহাট্টা মডেল স্কুল-সাহতা-নেত্রকোণা রাস্তা, আটপাড়া পিয়াজকান্দি চানুমিয়ার বাড়ি হতে ধরের খাল পর্যন্ত বেরীবাঁধ এবং নাসিরখালী ও নারায়নপুর দু'টি স্লুইচ গেইট মেরামতের বিষয়ে আলোচনা হয়। সভাপতি গৃহীত প্রকল্পের কাজ যথাসময়ে বাস্তবায়নের অনুরোধ জানান। | (১) গৃহীত প্রকল্পসমূহের কাজের গুণগত মান রক্ষা করে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>(২) ডায়াবেটিক হাসপাতালের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(৩) কলমাকান্দা-দুর্গাপুর রাস্তা, নাজিরপুর-সিধলী রাস্তা, নাজিরপুর-লেঙ্গুরা রাস্তা, ঝাঞ্জাইল-আব্বাসনগর রাস্তা, ঝাঞ্জাইল-বড়বাট্টা রাস্তা, বারহাট্টা মডেল স্কুল-সাহতা রাস্তা, আটপাড়া পিয়াজকান্দি চানমিয়ার বাড়ি হতে ধরের খাল পর্যন্ত বেরীবাঁধ এবং নাসিরখালী ও নারায়নপুর দু'টি স্লুইচ গেইট মেরামত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী<br>এলজিইডি, নেত্রকোণা |
| ৯. | **প্রাণি সম্পদ বিভাগ :**<br>জেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি জানান, গবাদি প্রাণির প্রতিষেধক টিকা প্রদান – ৭৬৪৪ মাত্রা, হাঁস-মুরগীর প্রতিষেধক টিকা প্রদান – ৩০৮১০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা – ১৬৯৪১ টি, হাঁস-মুরগীর চিকিৎসা – ২৪২৭৭০ টি, গবাদি প্রাণির কৃত্রিম প্রজনন – ৬৮৯৩ টি, মোরগ-মুরগীর খামার স্থাপন – ২৩ টি, হাঁসের খামার স্থাপন – ৩২ টি, ভুমিহীন কৃষক, সাধারণ কৃষক, যুব মহিলা,বেকার যুবক/যুবতী প্রশিক্ষণ -৪৩৩ জন, ১ দিনের হাঁস ও মুরগীর বাচ্চা বিতরণ – ২১২৫০০ টি, টীকা বিক্রয়ের রাজস্ব আয়-৬৮১৭৫ টাকা, কৃত্রিম প্রজনন রাজস্ব আয়-১৮৬১১১ টাকা। তিনি আরও জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক মহোদয়ের তিন বছর মেয়াদী কর্মপরিকল্পনার অংশ হিসেবে এ জেলায় উপজেলাভিত্তিক গবাদিপশুর বিভিন্ন রোগের টিকা সপ্তাহ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি গবাদিপশুর বিভিন্ন রোগের টীকা প্রদান কর্মসূচীতে সকলের সহযোগিতা কামনা করেন। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় টীকা প্রদান কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,<br>নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ১০. | **মৎস্য বিভাগ :**<br>সভায় জেলা মৎস্য কর্মকর্তা জানান, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন কার্যক্রম এবং মাসের নির্ধারিত পরামর্শ দিবসে প্রতি উপজেলায় মৎস্যচাষি/উদ্যোক্তাদের পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ইংরেজী প্রতি মাসের ৩য় সোমবার প্রতি উপজেলায় Water Quality Test দিবস ঘোষণা করা হয়েছে এবং পানির গুনাগুন পরীক্ষা গুণাগুণ পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণে ফরমালিনের ব্যবহার নিয়ন্ত্রণের জন্য আইন বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এন এ টি পি-২ প্রকল্পের সিআইজি সদস্যদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোণা। |
| ১১. | **সমাজ সেবা কার্যালয় :**<br>সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক জানান, ০৮(আট) ধরণের সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ০৬(ছয়) ধরণের সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম, সরকারি শিশু পরিবার (বালক), বিভিন্ন জটিল রোগে আক্রান্ত রোগীদেরকে আর্থিক সহায়তা প্রদান, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, প্রতিবন্ধী জরিপ ও ডাটাবেইজ প্রণয়ন সংক্রান্ত, প্রবেশন সংক্রান্ত, শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদের মাধ্যমে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান এবং এককালীন আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, নেত্রকোণা |
| ১২. | **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড :**<br>(ক) বিআরডিবি'র উপ-পরিচালক জানান, প্রাথমিক সমবায় সমিতি-২১১৫টি, সদস্য সংখ্যা-৪৯,৪৭৩ জন, শেয়ার ও সঞ্চয় জমা-৩৮৬.১৫ লক্ষ টাকা, ঋণ বিতরণ-৪৩৭৪.৫৬ লক্ষ টাকা, ঋণ আদায়-৪০৮৮.৯৫ লক্ষ টাকা (৮০%), গভীর নলকূপ-৫৫৫টি, অগভীর নলকূপ-৫০০টি স্থাপন করা হয়েছে। দল-৯২৬টি, উপকারভোগী সদস্য সংখ্যা-২৪,২১৯ জন, সঞ্চয় জমা-১৭২.৪৭ লক্ষ টাকা, ঋণ বিতরণ-২৫৬৫.৬৬ লক্ষ টাকা এবং ১৬২৭.৪২ লক্ষ টাকা (৬৮%) ঋণ আদায় করা হয়েছে। | (ক) বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্ন করতে হবে। ঋণ প্রদান ও আদায় কার্যক্রমে তদারকি বৃদ্ধি করতে হবে। | উপ-পরিচালক বিআরডিবি নেত্রকোণা |
| | (খ) তিনি আরও জানান, একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতাভুক্ত দলের মোট সঞ্চয় জমা ২০১৮.৯৯ লক্ষ, কল্যাণ অনুদান ১৬৪৫.৫৭ লক্ষ, আবর্তক তহবিল ২৩৯৫.৮১ লক্ষ, সমিতির মোট তহবিল ৬০৬০.৩৭ লক্ষ টাকা। ৫০৭৫০ জন সদস্যের মাঝে ৬৮৩০.০৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। আদায় ৩৩৭৪.১৫ লক্ষ টাকা। আদায়ের হার ৬৮%। সভাপতি "একটি বাড়ি একটি খামার কর্মসূচী" ১০০% বাস্তবায়ন করার লক্ষ্যে প্রকল্প পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | (খ) "একটি বাড়ি একটি খামার কর্মসূচী" প্রকল্প শতভাগ বাস্তবায়ন করার লক্ষ্যে প্রকল্প পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপ-পরিচালক, বিআরডিবি, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| | (গ) মাননীয় প্রধানমন্ত্রী 'শেখ হাসিনার বিশেষ উদ্যোগ' : সভাপতি জানান যে, একটি বাড়ি একটি খামার প্রকল্পটি একেবারেই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিজের চিন্তা উৎসারিত একটি স্থায়ী দারিদ্র্য বিমোচন প্রকল্প। সভা-সমিতিতে সরকারের উন্নয়ন কর্মসূচি সম্পর্কে আলোচনায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগগুলো তুলে ধরার অনুরোধ জানানো হয়। ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে এ দেশের দরিদ্র ও খেটে খাওয়া মানুষের পক্ষ থেকে **"শেখ হাসিনার উপহার: একটি বাড়ি একটি খামার, বদলাবে দিন তোমার আমার"**- এ আকাঙ্ক্ষার পূর্ণ বাস্তবায়নে সকলের আন্তরিক ভূমিকা প্রত্যাশা করা হয়। উক্ত প্রকল্পের মনিটরিং জোরদার করার অনুরোধ জানানো হয়। | (গ) সভা-সমিতিতে সরকারের উন্নয়ন কর্মসূচি সম্পর্কে আলোচনায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগগুলো তুলে ধরতে হবে এবং একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে এ দেশের দরিদ্র ও খেটে খাওয়া মানুষের পক্ষ থেকে **"শেখ হাসিনার উপহার: একটি বাড়ি একটি খামার, বদলাবে দিন তোমার আমার"**- এ আকাঙ্ক্ষার পূর্ণ বাস্তবায়ন করতে হবে। | উপ-পরিচালক, বিআরডিবি, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩. | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :**<br>সভায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জানান, পল্লী পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে বিভিন্ন উপজেলায় ২৫৮টি পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে। থানা সদর ও গ্রোথ সেন্টারে পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় মোহনগঞ্জ পৌরসভায় উৎপাদক নলকূপ, Treatment Plant, Pipe Line এর কাজ চলমান রয়েছে। (PEDP-3 প্রকল্পের আওতায় পানির উৎস স্থাপন - TW With AIRP মোহনগঞ্জ ১০টি, নেত্রকোণা সদর ও বারহাট্টা ৫টি, কলমাকান্দা ২০টির কাজ চলমান রয়েছে। TW with Submargible Pump সদর, খালিয়াজুরী, মোহনগঞ্জ, বারহাট্টা, পূর্বধলা উপজেলায় কাজ চলমান রয়েছে (মোট বরাদ্দ-৭৫টি)। ওয়াশ ব্লক স্থাপন কাজ ২৫টি বিদ্যালয়ে চলমান রয়েছে। জাতীয় স্যানিটেশন প্রকল্প (পর্যায়-৩)-এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে ১০টি কমিউনিটি ল্যাট্রিন স্থাপন কাজ চলমান রয়েছে। জেলা পরিষদের পুকুর সংস্কার করে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৭(সাত)টি পুকুরের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কাজ সঠিক মানের, যথাযথভাবে তদারকির মাধ্যমে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা |
| ১৪. | **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর :**<br>শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি জানান, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত নেত্রকোণা সরকারি কলেজের ছাত্রী হোস্টেল নির্মাণ কাজ ৯৯% সমাপ্ত হয়েছে। তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজ সমূহের উন্নয়ন (কোড নং-৫০১৫) শীর্ষক প্রকল্পের আওতায় বেসরকারি কলেজ সমূহের উন্নয়ন কাজের অগ্রগতি ৮৪%। রাজস্ব বাজেটের আওতায় (কোড নং-৭০১৬) শহীদ স্মৃতি কলেজের ২য় ও ৩য় তলার উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের অগ্রগতি ১০০% এবং ৪র্থ তলার সম্প্রসারণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। সরকারি শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার ও মেরামত কাজ (কোড নং-৪৯৩১) এর দরপত্র আহ্বান করা হয়েছে। ১১টি প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। সভাপতি শিক্ষা প্রকৌশল কর্তৃক গৃহীত প্রকল্পের কাজ সঠিক মানের এবং সুষ্ঠু তদারকির মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার অনুরোধ জানান। | গৃহীত প্রকল্পসমূহের কাজ সঠিক মানের, যথাযথভাবে তদারকির মাধ্যমে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ড :** সভায় বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পিডিবি, নেত্রকোণা |
| ১৬. | **পল্লী বিদ্যুৎ সমিতি :** পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার জানান, ২০১৭-২০১৮ অর্থ বছরে মোট ৪৩৪.৮৩ কিঃ মিঃ এবং অদ্যাবধি পর্যন্ত ৬৬৫৪.৬৪ কিঃ মিঃ লাইন নির্মাণ করা হয়েছে। জানুয়ারি/১৮ মাসে মোট = ৪৮৯১টি নতুন সংযোগ এবং অদ্যাবধি পর্যন্ত মোট = ২৭২৮৩২টি সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত ২০০০টি গ্রাম বিদ্যু'তায়িত হয়েছে। ডিসেম্বর/১৭ মাসে বিল কালেকশনের হার = ১০১.৪৭% এবং গড় সিস্টেম লস ১১.০৬%। জানুয়ারি/২০১৮ মাসে মোট ০৫টি গণশুনানী সম্পন্ন করা হয়েছে। নির্মিত লাইনের নীচে নতুন বাড়ীঘর, স্থাপনা তৈরী না করতে এবং বড় জাতের গাছপালা না লাগানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সরকারী বিভিন্ন দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) নির্মিত লাইনের নীচে নতুন বাড়ীঘর, স্থাপনা তৈরী না করতে এবং বড় জাতের গাছপালা না লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) সরকারী বিভিন্ন দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| ১৭. | **স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :** সভায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নেত্রকোণা |
| ১৮. | **বিএডিসি (বীজ বিপণন) :** বিএডিসি (বীজ বিপণন) এর প্রতিনিধি জানান, বর্তমানে বিএডিসি বীজ বিপণন দপ্তর, নেত্রকোণা এর ট্রানজিট ও জেলা বীজ বিক্রয় কেন্দ্রের গুদামে নেত্রকোণা জেলার জন্য গ্রীষ্মকালীন সবজি বীজের বরাদ্দ পাওয়া গেছে। এর মধ্যে কলমী শীমা (মান) ৩০০ কেজি, বরবটি (কেঃনাঃ) মান ২০০ কেজি, করলা গজ করলা (মান) ৩০ কেজি, চিচিংগা ঝুমলং (মান) ৬০ কেজি, ডাটা বাশপাতা (ভিত্তি) ০৪ কেজি, ঢেড়শ বারি-২ (ভিত্তি) ২০ কেজি, শিম বারি-৭ (ভিত্তি) ০.৫ কেজি, ঝিংঙ্গা বারি-১ (ভিত্তি) ০.২ কেজি সর্বমোট ৬১৪.৭ কেজি বীজ। সভাপতি বীজ বিক্রয়ের ক্ষেত্রে মনিটরিং জোরদার করার অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। বীজ বিক্রয়ের ক্ষেত্রে মনিটরিং জোরদার করতে হবে। | উপ-পরিচালক (বীঃ বিঃ), বিএডিসি, কিশোরগঞ্জ অঞ্চল |
| ১৯. | **বিএডিসি (বীজ উৎপাদন) :** বিএডিসি (বীউ) এর উপ-পরিচালক জানান, ২০১৭-১৮ উৎপাদন বর্ষে ১৫০৫.০০ একর জমিতে বোরো বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৫০৫.০০ একর রোপন সম্পন্ন হয়েছে। চলতি মৌসুমে অদ্যাবধি ৪০০.০০০ মে.টন আমন ধান বীজ সংগৃহীত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক (বীঃউঃ), বিএডিসি, নেত্রকোণা |
| ২০. | **বিএডিসি (ক্ষুদ্রসেচ) :** বিএডিসি (ক্ষুদ্রসেচ) এর কার্যক্রম জানতে চাওয়া হলে নির্বাহী প্রকৌশলী জানান, বর্তমান সেচ মৌসুমে বিএডিসি'র সেচ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। ডাবল লিফটিং সেচ প্রকল্প ঢাকা এর মাধ্যমে ৬টি ৫কিউসেক এলএলপি স্কীমে বারিড পাইপ সেচনালা নির্মাণ কাজ শেষ পর্যায় ও আটপাড়া উপজেলায় ৩কিলোমিটার খাল খনন/পুনঃখনন কাজ চলমান আছে এবং ৩টি হাইড্রোলিক স্টাকচার নির্মাণ কাজ চলমান আছে। দাপ্তরিক কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ), নেত্রকোণা |
| ২১. | **খাদ্য বিভাগ :** (ক) জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, নেত্রকোণা জেলার সকল উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় হতদরিদ্রের মাঝে সর্বমোট ৬১,১৬৭টি কার্ড বিতরণ করা হয়েছে। আগামী মার্চ/১৮ ও এপ্রিল/১৮ মাসে পুনরায় এ জেলায় ১০(দশ) টাকা কেজি দরে প্রতি কার্ডে ৩০(ত্রিশ) কেজি চাল ১৭১ জন ডিলারের মাধ্যমে হতদরিদ্রদের মাঝে সর্বমোট ৩৬৬৫.৮২০ মেঃ টন চাল বিতরণ করা হবে। জেলায় এ পর্যন্ত মোট ৪৫ (পঁয়তাল্লিশ) জন ওএমএস ডিলারের মাধ্যমে জনপ্রতি সর্বোচ্চ ৫(পাঁচ) কেজি হারে গত ১৮.০৯.২০১৭ হতে ০৬.০২.২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত সর্বমোট ৪৫৩৯.০০০ মেঃ টন চাল ভোক্তাগণের নিকট সরকার নির্ধারিত ৩০/- (ত্রিশ) টাকা মূল্যে বিক্রয় করা হয়েছে। বর্তমানে এ জেলায় খাদ্যশস্যের মজুদ চাল-৯৪৪৭.০০০ মে.টন, গম-১৯৬.০০০ মে.টন। | (ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা |
| | (খ) নিরাপদ খাদ্য নিশ্চিতকরণঃ সভায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩-এর মাধ্যমে উৎপাদন, আমদানি ও বিপণন সকল স্তরে খাদ্য নিরাপদ রাখা নিশ্চিতকরণ; খাদ্যের নিরাপদ মান নির্ধারণে অসমতা প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে খাদ্য ভোক্তা, খাদ্য উৎপাদনকারী ও খাদ্য ব্যবসায়ী তথা সর্বস্তরের জনগণকে অধিকতর সচেতন করা এবং সচেতনতাকে অনুশীলনে পরিণত করার বিষয়ে সচেতনতা ও প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | (খ) নিরাপদ খাদ্য আইন, ২০১৩-এর মাধ্যমে উৎপাদন, আমদানি ও বিপণন সকল স্তরে খাদ্য নিরাপদ রাখা নিশ্চিতকরণ; খাদ্যের নিরাপদ মান নির্ধারণে অসমতা প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে খাদ্য ভোক্তা, খাদ্য উৎপাদনকারী ও খাদ্য ব্যবসায়ী তথা সর্বস্তরের জনগণকে অধিকতর সচেতন করা এবং সচেতনতাকে অনুশীলনে পরিণত করার বিষয়ে সচেতনতা ও প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঐ |
| ২২. | **পরিবার পরিকল্পনা বিভাগ :** পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক জানান, জেলায় সক্ষম দম্পতি-৪,১৬,৯৭২ জন, জেলায় মোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৩,২৫,০৬১ জন, জেলার মোট গ্রহণকারীর হার (সিএআর) ৭৭.৯৬%। মা ও শিশু কল্যাণ কেন্দ্রে প্রসব পূর্ব সেবা-৫৪৪ জন, প্রসবোত্তর সেবা-১০০ জন, স্বাভাবিক প্রসব সেবা-৬০ জন ও সিজারিয়ান অপারেশন-০৯ জনের সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, নেত্রকোণা |

| | | | |
|---|---|---|---|
| ২৩. | **জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, প্রতিটি বিদ্যালয় এলাকার শিশুদের শতভাগ উপস্থিতি ও বিদ্যালয়ে শতভাগ ভর্তি নিশ্চিত করার জন্য কাজ করে যাচ্ছে। নেত্রকোণা জেলার ০৯টি উপজেলায় সর্বমোট ১২৫০৬১ টিফিন বক্স ছাত্র/ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়েছে এবং অন্যান্য বিদ্যালয়ে টিফিন বক্স বিতরণ করার প্রক্রিয়া চলমান রয়েছে। পর্যায়ক্রমে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে-মিল চালুর ব্যবস্থা নিতে প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। জেলার ৭০৯টি বিদ্যালয়ে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রদান করে ডিজিটাল কন্টেন্ট তৈরী করে পাঠদান অব্যাহত আছে। প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তাগণের প্রমাপ অনুযায়ী পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। মোবাইল ফোনে বিদ্যালয় পরিদর্শন করার জন্য প্রতিটি উপজেলা শিক্ষা অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। ১লা জানুয়ারি ২০১৮ তারিখে সকল ছাত্র/ছাত্রীদের হাতে নতুন বই পৌছে দিয়ে বই বিতরণ উৎসব যথাযথভাবে পালন করা হয়েছে। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) বিদ্যালয় পরিদর্শন কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,<br>নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ২৪. | **জেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>জেলা শিক্ষা অফিসার জানান, জেলা শিক্ষা অফিসারসহ জেলা ও উপজেলার সকল কর্মকর্তাগণ কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম বাস্তবায়ন ও একাডেমিক কার্যক্রম পরিদর্শন অব্যাহত রয়েছে। মাল্টিমিডিয়া ক্লাশরুম বাস্তবায়নে নেত্রকোণা জেলা ময়মনসিংহ বিভাগীয় পর্যায়ে ১ম স্থানে রয়েছে। ই-ফাইল নথিতে জাতীয় পর্যায়ে ২২তম স্থানে রয়েছে। ০১,০২,২০১৮ খ্রি. হতে এসএসসি/দাখিল/সমমান এর পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে শুরু হয়েছে। বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। সভাপতি যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম বাস্তবায়ন হয়নি সে সকল বিদ্যালয়ে স্থানীয় উদ্যোগে প্রাক্তন ছাত্র-ছাত্রীদের সহায়তায় ল্যাপটপ-মাল্টিমিডিয়াসহ বিভিন্ন যন্ত্রপাতি সংগ্রহ করার এবং মাল্টিমিডিয়া ক্লাস এর কার্যক্রম মনিটরিং করার অনুরোধ জানান। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম বাস্তবায়ন হয়নি সে সকল বিদ্যালয়ে স্থানীয় উদ্যোগে প্রাক্তন ছাত্র-ছাত্রীদের সহায়তায় ল্যাপটপ-মাল্টিমিডিয়াসহ বিভিন্ন যন্ত্রপাতি সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(৩) মাল্টিমিডিয়া ক্লাস এর কার্যক্রম মনিটরিং করতে হবে। | জেলা শিক্ষা অফিসার,<br>নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ২৫. | **নেত্রকোণা পৌরসভা :**<br>নেত্রকোণা পৌরসভার প্রতিনিধি জানান, ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপি/জিওবি ও রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহীত ২৬টি প্রকল্পের মধ্যে ১৮টি প্রকল্পের কাজ ১০০% এবং ৮টি প্রকল্পের কাজ ৪০-৬০% সমাপ্ত হয়েছে। সভাপতি গৃহীত প্রকল্পসমূহের কাজ যথাসময়ে বাস্তবায়ন করার অনুরোধ জানান। | গৃহীত প্রকল্পসমূহের কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | মেয়র<br>নেত্রকোণা পৌরসভা |
| ২৬. | **মোহনগঞ্জ পৌরসভা :**<br>মোহনগঞ্জ পৌরসভার মেয়র জানান, মোহনগঞ্জ পৌরসভায় জিওবি অর্থায়নে 'মোহনগঞ্জ পৌরসভা অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের আওতায় ৪৪.৪৭ কোটি টাকার প্রকল্প অনুমোদিত হয়েছে। উক্ত অর্থ দ্বারা মোহনগঞ্জ পৌরসভার সড়ক, ড্রেন, শিশু পার্ক নির্মাণ, স্ট্রীট লাইটিং ও সৌন্দর্য বর্ধনের কাজ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরের উন্নয়ন সহায়ক তহবিল বাবদ সর্বমোট ৬৪.০০ লক্ষ টাকার মধ্যে ১ম ও ২য় কিস্তি বাবদ ৩২.০০ লক্ষ টাকার বরাদ্দপত্র পাওয়া গিয়াছে। দরপত্র আহ্বানের কার্যক্রম চলমান রয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে এলজিইডি এর আওতায় গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পাধীন শিয়ালজানি খালের উপর ৪,৮০,০০,০০০/- (চার কোটি আশি লক্ষ) টাকা ব্যয়ে ০৪(চার) টি আরসিসি ব্রিজের মধ্যে ৩টি ব্রিজের কাজ সমাপ্ত হয়েছে এবং ১টি ব্রিজের কাজ চলমান রয়েছে। পৌর ভবন নির্মাণের ডিজাইন সহ ৩,২০,২১,২২৬/- টাকা ব্যয়ে প্রাক্কলন স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের পর দরপত্র আহ্বান ও দরপত্র মূল্যায়ন পত্র অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি গৃহীত প্রকল্পের কাজ যথাসময়ে বাস্তবায়ন করার অনুরোধ জানান। | (১) গৃহীত প্রকল্পসমূহের কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>(২) শিশু পার্ক নির্মাণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মেয়র,<br>মোহনগঞ্জ পৌরসভা |
| ২৭. | **কেন্দুয়া পৌরসভা :**<br>কেন্দুয়া পৌরসভার মেয়র জানান, ২০১৭-২০১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল হতে ৫৫,৬০,৬২০/- (পঞ্চান্ন লক্ষ ষাট হাজার ছয়শত বিশ) টাকার বিপরীতে ১৩(তের) টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | মেয়র<br>কেন্দুয়া পৌরসভা |
| ২৮. | **মদন পৌরসভা :**<br>মদন পৌরসভার কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | মেয়র,<br>মদন পৌরসভা |
| ২৯. | **দুর্গাপুর পৌরসভা :**<br>দুর্গাপুর পৌরসভার মেয়র জানান, গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থ বছরের ৮টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্পের কাজ ১০০% এবং ৬টি প্রকল্পের কাজ-৬০-৮০% সম্পন্ন হয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | মেয়র<br>দুর্গাপুর পৌরসভা |
| ৩০. | **যুব উন্নয়ন অধিদপ্তর :**<br>যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি জানান, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত নেত্রকোণা যুব প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক নির্মাণ কাজের অগ্রগতি ৯৯%। বরাদ্দ-১২,০৯,৮৩,০৬৪.৩৮ টাকা। কারিগরি প্রশিক্ষণ প্রকল্প (কম্পিউটার) এর রাজস্ব আয়ের পরিমাণ-১৯,৯২,২০০/- টাকা। কারিগরী প্রশিক্ষণ প্রকল্প (ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স ও রেফ্রিজারেশন) এর রাজস্ব আয়ের পরিমাণ-৪,০৭,৬০০/- টাকা। তাছাড়া যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক,<br>যুব উন্নয়ন অধিদপ্তর<br>নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ৩১. | **জেলা সমবায় কার্যালয় :**<br>জেলা সমবায় কর্মকর্তা জানান, ১৬টি কেন্দ্রীয় সমবায় সমিতি এবং ৯২০টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্দ দেয়া হয়েছে। অডিট অগ্রগতির হার ৭০%। অডিট ফি এবং সমবায় উন্নয়ন তহবিল আদায়ের হার যথাক্রমে ৮০% ও ১০০%। তাছাড়া গারো সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দুর্গাপুর ও কলমাকান্দা উপজেলায় বিতরণকৃত ঋণ আদায়ের হার ৬১%। আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায়ের হার ৬০%। জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রতি মাসে ০৫টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে সমবায়ীগণকে সমবায় সমিতি আইন, বিধিমালা, সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হয়। সভাপতি ঋণ আদায়ের হার বৃদ্ধি করার অনুরোধ জানান। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | জেলা সমবায় অফিসার, নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ৩২. | **জেলা মহিলা বিষয়ক কার্যালয় :**<br>জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিজিডি তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইডে প্রেরণ করা হয়েছে। ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থ বছরের দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাভোগীদের জুন/১৭ পর্যন্ত ভাতা বিতরণ করা হয়েছে। নেত্রকোণা পৌরসভায় ২০১৬-১৭ ও ২০১৭-১৮ চক্রের ১,০৫০ জন ভাতাভোগীর জুন/১৭ পর্যন্ত ব্যাংক এ্যাডভাইজ প্রেরণ করা হয়েছে। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে ৫০(পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থী নির্বাচন করে প্রশিক্ষণ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা |
| ৩৩. | **পরিসংখ্যান বিষয়ক :**<br>পরিসংখ্যান বিষয়ক কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি জানান, ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্পের আওতায় ২য় খাপে ময়মনসিংহ বিভাগের অধীন নেত্রকোণা জেলায় "খানা তথ্যভান্ডার শুমারি" কার্যক্রমের জোনাল অফিসারদের প্রশিক্ষণসহ মুল শুমারির কার্যক্রম গত ০২/০২/২০১৮ খ্রি: শেষ হয়েছে। শুমারির মালামাল সদর দপ্তরে প্রেরণের প্রস্তুতি চলছে। MSVSB (Monitoring the situation of vital statistics of Bangladesh) প্রকল্পের আওতায় অত্র জেলার ২১(একুশ)টি নমুনা এলাকার স্থানীয় রেজিস্ট্রারগণ মাঠ পর্যায়ের বাৎসরিক তথ্য সংগ্রহের কাজ করছে। MSCW (Monitoring the situation of child & women) প্রকল্পের আওতায় ECBSS (Effective coverage of basic social services) মাঠ পর্যায়ে জরিপের কার্যক্রম শেষ হয়েছে। কৃষি পরিসংখ্যানসহ অন্যান্য নিয়মিত কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে। সভাপতি পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, নেত্রকোণা |
| ৩৪. | **বন বিভাগ :**<br>সভায় বন বিভাগের কার্যক্রম জানতে চাওয়া হলে সহকারী বন সংরক্ষক জানান, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সহকারী বন সংরক্ষক নেত্রকোণা |
| ৩৫. | **জেলা তথ্য অফিস :**<br>জেলা তথ্য অফিসার জানান, জানুয়ারি/২০১৮ মাসে সিনেমা শো-১৯টি, কুইজ প্রতিযোগিতা-০৪টি, উঠান বৈঠক-০২টি, ক্ষুদ্র ও খন্ড সমাবেশ-০৪টি এবং কথামালা প্রচার-২৪টি সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা তথ্য অফিসার, নেত্রকোণা |
| ৩৬. | **বিসিক :**<br>বিসিকের উপ-ব্যবস্থাপক জানান, নেত্রকোণা জেলার ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে জেলা কার্যালয় কাজ করে যাচ্ছে। ২০১৭-১৮ অর্থ বছরে ডিসেম্বর/১৭ পর্যন্ত ১০২ জন শিল্পোদ্যোক্তা চিহ্নিত করা হয়েছে। ৫০টি প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়ন করা হয়েছে। ১৬টি ক্ষুদ্র ও কুটির শিল্পকে নিবন্ধন প্রদান করা হয়েছে। দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে ৫০ জন উদ্যোক্তাকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিনিত ঋণ কর্মসূচীর আওতায় ৫ জন উদ্যোক্তার মধ্যে ৩.০০ (তিন লক্ষ) টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার ১০০%। এছাড়াও বিসিক ও বাংলাদেশ কৃষি ব্যাংক, চল্লিশা ও হিরণপুর শাখার যৌথ সহযোগিতায় ইউএনসিডিএফ ঋণ চালু করা হয়েছে। এর আওতায় কামার, কুমার, বাশ ও বেতের কাজের জন্য ৩.০০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে। তাছাড়া এসএমসিআইএফ ঋণ কর্মসূচির আওতায় ৭.৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে। সভায় বিসিক শিল্পনগরীতে গ্যাস সংযোগের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) বিসিক শিল্পনগরীতে গ্যাস সংযোগের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-ব্যবস্থাপক বিসিক নেত্রকোণা। |
| ৩৭. | **তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড :**<br>সভায় তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিঃ কোঃ লিঃ, নেত্রকোণা। |
| ৩৮. | **ইসলামিক ফাউন্ডেশন :**<br>ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি জানান, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমে নেত্রকোণা জেলার শিক্ষক ও কেয়ারটেকারদের মাসিক সমন্বয় সভায় ইমাম-খতিবগণের উপস্থিতিতে বাল্য বিবাহ সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রভৃতি প্রতিরোধে ভূমিকা রাখার জন্য দিক নির্দেশনা দেয়া হয়। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের ২০১৮ শিক্ষাবর্ষে ৪৫৭টি প্রাক-প্রাথমিক ও ৫৪৩টি সহজ কোরআন শিক্ষা, ১২টি বয়স্ক শিক্ষা কেন্দ্র, ২৫টি সাধারণ রিসোর্স সেন্টার এবং ১০টি মডেল রিসোর্স সেন্টারের কার্যক্রম চলমান রয়েছে। ১১-১৩ জানুয়ারি-১৮ তিন দিনব্যাপী উন্নয়ন মেলায় অংশগ্রহণের মাধ্যমে সন্ত্রাস ও জঙ্গিবাদের কুফল সম্পর্কিত ৮টি বই ও লিফলেট, মুক্তিযুদ্ধ বিষয়ক এবং ধর্মীয় শিক্ষামূলক বিভিন্ন বই বিনামূল্যে বিতরণ করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নেত্রকোণা |

| | | | |
|---|---|---|---|
| ৩৯. | **হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট :**<br>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কার্যক্রম জানতে চাওয়া হলে সহকারী পরিচালক জানান, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ৫ম পর্যায় শীর্ষক প্রকল্পের মেয়াদ গত ০৯.০১.২০১৮ খ্রি. তারিখ একনেক সভায় অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রকল্পের আওতায় নতুন ৮টি প্রাক প্রাথমিক ও ৫টি গীতা শিক্ষাকেন্দ্র স্থাপন করা হবে। প্রকল্পের ৪র্থ পর্যায়ের ১০০টি শিক্ষাকেন্দ্রের শিক্ষা কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, নেত্রকোণা |
| ৪০. | **টেলিফোন বিভাগ :**<br>সভায় টেলিফোন বিভাগের কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রকৌশলী ফোনস, বিটিসিএল, নেত্রকোণা |
| ৪১. | **জেলা শিশু একাডেমী :**<br>জেলা শিশু একাডেমীর কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা |
| ৪২. | **জেলা শিল্পকলা একাডেমী :**<br>জেলা কালচারাল অফিসার জানান, প্রশিক্ষণ কেন্দ্রের বর্ষ সমাপনী পরীক্ষা গ্রহণ ও উন্নয়ন মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। জানুয়ারি-১৮ মাসের প্রশিক্ষণ বিভাগের এবং দাপ্তরিক সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | কালচারাল অফিসার জেলা শিল্পকলা একাডেমী নেত্রকোণা |
| ৪৩. | **সঞ্চয় বিভাগ :**<br>সভায় সঞ্চয় বিভাগের কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক জানান, বিনিয়োগের লক্ষমাত্রা- ৪০ কোটি, অর্জিত বিনিয়োগ-৩৯ কোটি ৫০ লক্ষ ৫৫ হাজার টাকা এবং বিনিয়োগের অগ্রগতি ৯৯%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সহকারী পরিচালক জেলা সঞ্চয় অফিস নেত্রকোণা |
| ৪৪. | **জেলা নির্বাচন অফিস :**<br>জেলা নির্বাচন অফিসার জানান, স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০১৭-এর চূড়ান্ত ভোটার তালিকা স্ব স্ব উপজেলা নির্বাচন অফিসারগণ বিধি মোতাবেক প্রকাশ করেছেন। মদন উপজেলার নায়েকপুর, আটপাড়া উপজেলার স্বরমুশিয়া ও দুওজ ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের গেজেট প্রকাশ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা |
| ৪৫. | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স :**<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রতিনিধি নতুন ফায়ার স্টেশনগুলি চালুর পূর্ব পর্যন্ত যে কোন অগ্নিকান্ড ও দুর্ঘটনায় নিকটস্থ ফায়ার স্টেশনকে সংবাদ প্রদানের জন্য অনুরোধ জানান। তদুপরি বাংলাদেশের এলাকা ভিত্তিক ফায়ার স্টেশন নম্বর সহজে পাওয়ার জন্য FSCD মোবাইল এ্যাপস ব্যবহারের অনুরোধ জানান। সভাপতি নতুন নির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন চালু করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখার অনুরোধ জানান। | (১) যে কোন অগ্নিকান্ড ও দুর্ঘটনায় নিকটস্থ ফায়ার স্টেশনকে অবহিত করতে হবে।<br>(২) নবনির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনসমূহ জরুরীভিত্তিতে চালুর জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৩) এলাকা ভিত্তিক ফায়ার স্টেশন নম্বর সহজে পাওয়ার জন্য FSCD মোবাইল এ্যাপস ব্যবহার করতে হবে। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল |
| ৪৬. | **পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন :**<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের উপ-পরিচালক জানান, ২০১৭-১৮ অর্থ বছরে জানুয়ারি/২০১৮ পর্যন্ত ক্ষুদ্র ঋণ কার্যক্রমে আদায়ের হার ৯০% এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রমে আদায়ের হার ৯৭%। ২০১৭-২০১৮ অর্থ বছরের বিভিন্ন সমিতির ৫৫০ জন সভানেত্রীকে দুই দিনের নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করে ১০০ জনের প্রশিক্ষণ সমাপ্ত করা হয়। বিভিন্ন ওয়াটের মোট ২১৯৩টি সোলার হোম সিস্টেম প্রতিস্থাপন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, পিডিবিএফ, নেত্রকোণা |
| ৪৭. | **জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো :**<br>জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, নেত্রকোণা |
| ৪৮. | **বাংলাদেশ রেলওয়ে :**<br>বাংলাদেশ রেলওয়ের কার্যক্রম জানতে চাওয়া হলে স্টেশন মাস্টার জানান, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | স্টেশন মাষ্টার নেত্রকোণা। |
| ৪৯. | **জেলা ত্রাণ ও পুনর্বাসন কার্যালয় :**<br>জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম পর্যায়ে নির্বাচনী এলাকা/সাধারণ উন্নয়ন ও সোলার খাতে সর্বমোট ৯,১৩,৩৮,১৩৩.২৮ টাকার বরাদ্দ পাওয়া গেছে। অগ্রগতি ৩৭%। ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম পর্যায়ে জেলা প্রশাসক মহোদয়ের অনুকূলে উন্নয়ন ও সোলার খাতে সর্বমোট ১৬,০৬,৮৩৭.০৮ টাকার বরাদ্দ পাওয়া গেছে। অগ্রগতি ৪৫%। ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম পর্যায়ে বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুকূলে উন্নয়ন ও সোলার খাতে সর্বমোট ৯,৫৩,৮৩৪.৭২ টাকার বরাদ্দ পাওয়া গেছে। অগ্রগতি ২৫%। ২০১৭-২০১৮ অর্থ বছরে ১ম পর্যায় গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) নির্বাচনী এলাকা/সাধারণ কর্মসূচির আওতায় উন্নয়ন ও সোলার খাতে সর্বমোট ১১,১৯,৬৬,৯২৯.৭৮ টাকার বরাদ্দ পাওয়া গেছে। অগ্রগতি ৪৫%। ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) ১ম পর্যায়ে মন্ত্রণালয়ের বিশেষ কর্মসূচির আওতায় উন্নয়ন খাতে মোট ৩০,০০,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে। অগ্রগতি ৫০%। | গৃহীত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৫০. | **ডাক বিভাগ :**<br>সভায় ডাক বিভাগের কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | পোস্ট মাস্টার, নেত্রকোণা |
| ৫১. | **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ বিষয়ক :**<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ এর কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নেত্রকোণা। |
| ৫২. | **পাট অধিদপ্তর বিষয়ক :**<br>সভায় পাট অধিদপ্তরের কার্যক্রম জানতে চাওয়া হলে মুখ্য পরিদর্শক জানান, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মুখ্য পরিদর্শক পাট অধিদপ্তর নেত্রকোণা |
| ৫৩. | **কর বিভাগ :**<br>সভায় কর বিভাগের কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি না থাকায় জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-কর কমিশনার কর সার্কেল-১৯ নেত্রকোণা |
| ৫৪. | **জীবন বীমা কর্পোরেশন :**<br>জীবন বীমা কর্পোরেশন এর কার্যক্রম জানতে চাওয়া হলে প্রতিনিধি জানান, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সেলস্ ইনচার্জ, জীবন বীমা কর্পোরেশন, নেত্রকোণা |
| ৫৫. | **পাসপোর্ট অফিস :**<br>পাসপোর্ট অফিসের কার্যক্রম জানতে চাওয়া হলে উপ-সহকারী পরিচালক জানান, ০১-০১-২০১৮ হতে ৩১-০১-২০১৮ খ্রি. পর্যন্ত জরুরী ১৭৫টি, সাধারণ ৫১২ টি, অফিসিয়াল ০৪টি সহ সর্বমোট ৬৯১ টি মেশিন রিডাবল পাসপোর্টের আবেদনপত্র গ্রহণ এবং ৮২৫ টি তৈরী পাসপোর্ট বিতরণ করা হয়েছে। সর্বমোট রাজস্ব আয় হয়েছে– ২৩,৪৬,৩০০/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নেত্রকোণা |
| ৫৬. | **বিবিধ :**<br>(ক) আইসিটি সংক্রান্ত : সভাপতি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ওয়েব পোর্টাল হালনাগাদকরণের এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম আরও গতিশীল করার জন্য অনুরোধ জানান। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সরকার কর্তৃক প্রদত্ত ট্যাবলেট পিসি যথাযথ ব্যবহার করার অনুরোধ জানান। তিনি কোন কর্মকর্তা বদলী হলে ট্যাবলেট পিসি জেলা আইসিটি শাখায় জমা দিয়ে নতুন যোগদানকৃত কর্মকর্তার নামে পুনরায় তা ইস্যু করার অনুরোধ জানান। সভাপতি জেলা প্রশাসকের কার্যালয় এবং নেত্রকোণা সদর ও পূর্বধলা উপজেলায় ই-ফাইলের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | (১) সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিয়মিত ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে।<br>(২) ডিজিটাল সেন্টারের কার্যক্রম আরও গতিশীল করতে হবে।<br>(৩) সরকার কর্তৃক প্রদত্ত ট্যাবলেট পিসি যথাযথ ব্যবহার করতে হবে। কোন কর্মকর্তা বদলী হলে ট্যাবলেট পিসি জেলা আইসিটি শাখায় জমা দিয়ে নতুন যোগদানকৃত কর্মকর্তার নামে পুনরায় তা ইস্যু করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| | (খ) জেলা প্রশাসকের ০৩(তিন) বছর মেয়াদী বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত: সভাপতি জেলা প্রশাসকের ০৩(তিন) বছর মেয়াদী বার্ষিক কর্মপরিকল্পনায় গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ জানান। | (খ) জেলা প্রশাসকের ০৩(তিন) বছর মেয়াদী বার্ষিক কর্মপরিকল্পনায় গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রেরন করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| | (গ) ইনোভেশন: সভাপতি জেলা পর্যায়ের যে সকল দপ্তর এখনও বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করেনি তাদের এবং উপজেলার ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা, জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের সভা নিয়মিত ও কার্যকরভাবে করার অনুরোধ জানান। কর্মপরিকল্পনার মধ্যে গতানুগতিকতার পরিবর্তে ইনোভেশন/নতুন উদ্ভাবন দেখানোর জন্য তাগিদ দেন। তিনি ইনোভেশন টিম গঠন করে ইনোভেশন টিমের কার্যক্রম গতিশীল করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | (১) জেলা পর্যায়ের যে সকল দপ্তর এখনও বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করেনি তাদের এবং উপজেলার ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>(২) জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের সভা নিয়মিত ও কার্যকরভাবে করতে হবে।<br>(৩) কর্মপরিকল্পনার মধ্যে গতানুগতিকতার পরিবর্তে ইনোভেশন থাকতে হবে।<br>(৪) Time, Cost ও Visit কমানোর জন্য সকল বিভাগ কর্তৃক ইনোভেশন প্রস্তাব প্রেরণ করতে হবে। ইনোভেশন টিমের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| | (ঘ) তথ্য অধিকার আইন-২০০৯ সংক্রান্ত: সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য সরবরাহ, তথ্য প্রকাশ ও প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | (ঘ) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য সরবরাহ, তথ্য প্রকাশ ও প্রচার করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| | (ঙ) জেলা প্রশাসক সম্মেলন-২০১৭ এর সিদ্ধান্ত বাস্তবায়ন: সভাপতি জেলা প্রশাসক সম্মেলন-২০১৭ – এ গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | (ঙ) জেলা প্রশাসক সম্মেলন-২০১৭ –এ গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| | (চ) 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন সংক্রান্ত: সভাপতি 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে গৃহীত সকল কর্মসূচিতে সকলকে অংশগ্রহণের অনুরোধ জানান। | (চ) 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে গৃহীত সকল কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | (ছ) 'ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৮' সংক্রান্ত: সভাপতি ২৩-২৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য 'ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৮'-এর সকল কর্মসূচিতে সকলকে অংশগ্রহণের অনুরোধ জানান। | (ছ) ২৩-২৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য 'ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৮'-এর সকল কর্মসূচিতে সকলকে অংশগ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ সজাগ দৃষ্টি রাখবেন মর্মে আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.২.১৮

(ড. মোঃ মুশফিকুর রহমান)
জেলা প্রশাসক
নেত্রকোণা
ফোনঃ ০৯৫১-৬১৫১১
E-mail:dcnetrokona@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৭২০০.০০৫.০৬.০০২.১১- ১৯৩ (২৯)　　　　　　　　তারিখঃ ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, বিদ্যুৎ বিভাগ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, ডাক, তার ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
২৫. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২৮. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২৯. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

27-2-18

জেলা প্রশাসক
নেত্রকোণা।

স্মারক নং- ০৫.৪৫.৭২০০.০০৫.০৬.০০২.১১- ১৯৩ (২৯)/১(৮০)　　　　　　　　তারিখঃ ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

..............................................................
..............................................................
................................................., নেত্রকোণা।

27-2-18

জেলা প্রশাসক
নেত্রকোণা।

## পরিশিষ্ট 'ক' (উপস্থিত সদস্য)
## (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

### জেলা পর্যায়ের কর্মকর্তা

১. জনাব বাবর আলী মীর, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা।
২. জনাব মোহাঃ খালিদ হোসেন, উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৩. জনাব মোহাঃ খালিদ হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নেত্রকোণা।
৪. জনাব মোঃ বাহাদুর আলী, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নেত্রকোণা।
৫. জনাব এ.কে.এম. ইসমত কিবরিয়া, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোণা।
৬. জনাব মোঃ দিদারুল আলম তরফদার, নির্বাহী প্রকৌশলী, সওজ, নেত্রকোণা।
৭. জনাব মুহাম্মদ আক্তারুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোণা।
৮. জনাব মোঃ মেহরাজ হোসেন, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা।
৯. জনাব মোঃ শফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), নেত্রকোণা।
১০. জনাব শাহ্ মোঃ এনামুল হক, জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোণা।
১১. জনাব কাজী ফারুক আহমেদ, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, নেত্রকোণা।
১২. জনাব মোহাম্মদ হারুন-অর-রশীদ, উপ-পরিচালক (বীঃ উঃ), বিএডিসি, নেত্রকোণা।
১৩. জনাব মোহাম্মদ আলী সিদ্দিকী, উপ-পরিচালক, পিডিবিএফ, নেত্রকোণা।
১৪. জনাব মোঃ সরোয়ার মাহফুজ, উপ-পরিচালক, বিআরডিবি, নেত্রকোণা।
১৫. জনাব মোঃ মজিবুর রহমান, জেনারেল ম্যানেজার, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, নেত্রকোণা।
১৬. জনাব মোঃ আলাল উদ্দিন, উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণা।
১৭. জনাব মোঃ সোহরাব হোসেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা।
১৮. জনাব এ.কে.এম. ফজলুল করিম, জেলা সমবায় কর্মকর্তা, নেত্রকোণা।
১৯. জনাব এ.এফ.জি. মোস্তফা, সহকারী বন সংরক্ষক, নেত্রকোণা।
২০. জনাব আব্দুল্লাহ-আল-মামুন, জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, নেত্রকোণা।
২১. জনাব মোহাম্মদ শুকুর মাহমুদ মিঞা, জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা।
২২. জনাব আল ফয়সাল, জেলা তথ্য অফিসার, নেত্রকোণা।
২৩. জনাব সাদিয়া উম্মুল বানিন, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নেত্রকোণা।
২৪. জনাব মোঃ ওয়ালী উল্লাহ, জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
২৫. জনাব খন্দকার মুনছুর রহমান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা।
২৬. জনাব ফেরদৌসী বেগম, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা।
২৭. জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, উপ-ব্যবস্থাপক, বিসিক, নেত্রকোণা।
২৮. জনাব মোঃ রুহুল আমিন, সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নেত্রকোণা।
২৯. জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, নেত্রকোণা।
৩০. জনাব ফারহান ফাত্তাহ, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, নেত্রকোণা।
৩১. জনাব মোঃ আবদুল বারী, জেলা ক্রীড়া কর্মকর্তা, নেত্রকোণা।
৩২. জনাব মোঃ হারুন-অর-রশিদ, মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, নেত্রকোণা।
৩৩. জনাব উত্তম কুমার সাহা, সহকারী পরিচালক, জেলা পাসপোর্ট অফিস, নেত্রকোণা।
৩৪. জনাব মোঃ কামাল পাশা, স্টেশন মাস্টার, বড় স্টেশন, বাংলাদেশ রেলওয়ে, নেত্রকোণা।

### পৌরসভা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা

১. জনাব এস.এম. কামরুল হাসান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর।
২. জনাব এমদাদুল হক খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর।
৩. জনাব জাহিদুল ইসলাম সুজন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা।
৪. জনাব মোঃ মানিক আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা।
৫. জনাব শাহ্ মোঃ ফখরুল ইসলাম ফিরোজ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা।
৬. জনাব মোঃ খায়রুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া।
৭. জনাব মোঃ সামছুজ্জামান তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খালিয়াজুরী।
৮. জনাব মোছাঃ সাবিহা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর।
৯. জনাব সরকার আব্দুল্লাহ আল মামুন বাবু, উপজেলা নির্বাহী অফিসার, খালিয়াজুরী।
১০. জনাব মোঃ মেহেদী মাহমুদ আকন্দ, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ।
১১. জনাব মোঃ ওয়ালীউল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, মদন।
১২. জনাব নমিতা দে, উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা।
১৩. জনাব ফরিদা ইয়াসমিন, উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা।
১৪. জনাব মুকতাদিরুল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া।
১৫. জনাব আরিফুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা।
১৬. জনাব মেহনাজ ফেরদৌস, উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ), আটপাড়া।
১৭. জনাব লতিফুর রহমান রতন, মেয়র, মোহনগঞ্জ পৌরসভা।
১৮. জনাব মোঃ আঃ ছালাম, মেয়র, দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
১৯. জনাব মোঃ আসাদুল হক ভূঞা, মেয়র, কেন্দুয়া পৌরসভা, নেত্রকোণা।
২০. জনাব মোঃ আমীর বাশার, প্যানেল মেয়র, পক্ষে- মেয়র, নেত্রকোণা পৌরসভা।

## পরিশিষ্ট 'খ' (অনুপস্থিত সদস্য)

### জেলা পর্যায়ের কর্মকর্তা

১. সিভিল সার্জন, নেত্রকোণা।
২. উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ।
৩. নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, নেত্রকোণা।
৪. উপ কর কমিশনার, কর সার্কেল-১৯, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, এনএসআই, নেত্রকোণা।
৬. সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আধুনিক সদর হাসপাতাল, নেত্রকোণা।
৭. সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নেত্রকোণা।
৮. ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিঃ কোঃ লিঃ, নেত্রকোণা।
৯. জেলা বাজার কর্মকর্তা, নেত্রকোণা।
১০. সহকারী প্রকৌশলী, ফোনস, বিটিসিএল, নেত্রকোণা।
১১. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, শিশু একাডেমী, নেত্রকোণা।
১২. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নেত্রকোণা।
১৩. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নেত্রকোণা।
১৪. জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা।
১৫. পোস্ট মাস্টার, নেত্রকোণা।
১৬. সভাপতি, চেম্বার অব কমার্স, নেত্রকোণা।

### পৌরসভা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া।
৪. উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর।
৫. মেয়র, মদন পৌরসভা, নেত্রকোণা।

## পরিশিষ্ট 'গ' (উপস্থিত প্রতিনিধি)

### জেলা পর্যায়ের কর্মকর্তা

১. জনাব এস.এম, আশরাফুল আলম, অতিঃ পুলিশ সুপার, পক্ষে-পুলিশ সুপার, নেত্রকোণা।
২. ডাঃ মোঃ আশরাফুজ্জামান, এডিএলও, পক্ষে-জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নেত্রকোণা।
৩. জনাব সাজিয়া আফরিন খান মজলিশ, পক্ষে-উপ-পরিচালক (বীবি), বিএডিসি, কিশোরগঞ্জ অঞ্চল।
৪. জনাব মোঃ মতিউজ্জামান, পক্ষে-উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নেত্রকোণা
৫. জনাব মোঃ ইফতেকার আলম, সহঃ প্রকৌঃ, পক্ষে-নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা।
৬. জনাব মোঃ ওয়েছ ইয়ার খান, পক্ষে-উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নেত্রকোণা।
৭. জনাব শফিকুর রহমান সরকার, সহঃ পরিচালক, পক্ষে-উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নেত্রকোণা।
৮. জনাব আনোয়ার হোসেন, পক্ষে-সেলস্ ইনচার্জ, জীবন বীমা কর্পোরেশন, নেত্রকোণা।
৯. জনাব তাবাসসুম মকবুলা দিশা, পক্ষে-জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, নেত্রকোণা।
১০. জনাব মোঃ মোশাররফ হসেন, পক্ষে-উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, নেত্রকোণা।
১১. জনাব মোঃ ফজলুল হক, পক্ষে-জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নেত্রকোণা।
১২. জনাব মোঃ মোমেন মোর্শেদ, পক্ষে-উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নেত্রকোণা।